

# ৭ বছরেও শেষ হয়নি নিচতলার কাজ

কেন্দুয়ায় শিক্ষাবিদ আব্দুর রহমান স্মৃতি উচ্চ বিদ্যালয়

রাখাল বিহাস, কেন্দুয়া (নেত্রকোণা)

২০ জুলাই ২০২৫, ১২:০০ এএম



কেন্দুয়ায় ‘শিক্ষাবিদ আব্দুর রহমান স্মৃতি উচ্চ বিদ্যালয়’-এর চারতলা ভবনের তিনতলার কাজ ৭ বছরেও শেষ হলেও নিচতলার কাজ এখনও অসম্পূর্ণ। ফলে শিক্ষকদের অফিসকক্ষ, ছাত্রছাত্রীদের শ্রেণিকক্ষ, অবকাঠামোর অসুবিধা নিয়ে দীর্ঘদিন ধরে শিক্ষা কার্যক্রম চালাতে হিমশিম খাচ্ছেন শিক্ষকরা। বিশেষ করে শৌচাগার সংকটের কারণে নানামুখী সমস্যার মধ্যে আছেন তারা।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক গোলাম কিবরিয়া বলেন, শিক্ষাবিদ আন্দুর রহমান স্মৃতি উচ্চ বিদ্যালয়টি ২০১১ সালে প্রতিষ্ঠিত হয়। অদ্যবধি এটি নন-এমপিও। বিদ্যালয়ের শিক্ষক-কর্মচারীরা এখনও সরকারি কোনো বেতন-ভাতার আওতায় অন্তর্ভুক্ত হননি। তারপরও আমরা সরকারি কারিকুলাম অনুযায়ী শিক্ষার্থী এবং বিদ্যালয়ের সুনাম অর্জনের চেষ্টা চালিয়ে যাচ্ছি। বিদ্যালয়টি একেবারেই অজ্ঞানাত্মক হয়ে গাঁওয়ে। প্রতিষ্ঠাকালীন শিক্ষক ৫ জন এবং খণ্ডকালীন শিক্ষক ৬ জন, বর্তমানে ছাত্রছাত্রী ২৯৭ জন।

গত বছর বিদ্যালয়ের এসএসসি পরীক্ষায় পাসের হার ছিল ৯১ শাতাংশ। যদিও এবার তেমন ভালো হয়নি।

তিনি আরও বলেন, নন-এমপিও হলেও সরকারিভাবে আমরা একটি চারতলা ভবন পেয়েছিলাম। কিন্তু দুঃখের বিষয় হলো, ২০১৮ সালে ভবন নির্মাণের কাজ শুরু হলেও তিনতলা কমপ্লিট হওয়ার পর নিচতলা এখনও অসম্পূর্ণ। নির্মাণ শুরুর ৭ বছর পর হয়ে গেলেও ঠিকাদার এখনও নির্মাণকাজ শেষ করছেন না। দেবেন দেবেন বলে বছরের পর বছর অতিবাহিত করে যাচ্ছেন। আমরা জেলা শিক্ষা প্রকৌশল বরাবর লিখিতভাবে বিষয়টি জানিয়েছি।

মুঠোফোনে অভিযুক্ত ঠিকাদার মনু মিয়া জানান, চলতি বছরের ডিসেম্বরের মধ্যে নিচতলার অসম্পূর্ণ কাজ সম্পন্ন করে দেওয়া হবে।

কেন্দুয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা ইমদাদুল হক তাঙ্গুকদার জানান, বিষয়টি আমি জানি না। বিদ্যালয়ের পক্ষ থেকেও আমাকে অবহিত করা হয়নি, তারপরও আমি বিষয়টি দেখব।